BGMEA

সূত্রঃ BGMEA/SICIP/প্রশিক্ষণ/২০২৫/১৮৯ তারিখঃ ২৪ আগস্ট, ২০২৫ খ্রিঃ

# BGMEA এর সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়: SICIP-BGMEA প্রোগ্রামের আওতায় Skills development Course এ প্রশিক্ষণ প্রদানে আপনার কারখানার ট্রেনিং সেন্টারটি অন্তর্ভূক্তিকরণ প্রসঙ্গে।**

**প্রিয় সহকর্মী,**

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রপ্তানী আয়ের বেশির ভাগই অর্জিত হয় পোশাক শিল্প খাত থেকে এবং বিশ্ব বাজারে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। আন্তর্জাতিক বাজারে শীর্ষ স্থান দখল করতে এবং রপ্তানী প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে দক্ষ শ্রমিকের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। দক্ষতা উন্নয়নের অন্যতম উপায় হলো প্রশিক্ষণ এবং প্রশিক্ষিত দক্ষ শ্রমিকরা দক্ষতার সাথে কাজ করে উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে। এ লক্ষ্যে Ministry of Finance এর আওতায় Skills for Industry Competitiveness and Innovation Program (**SICIP**) এর অধীনে BGMEA তার কিছু সংখ্যক সদস্য কারখানায় (ট্রেনিং রুম ও ল্যাব সম্বলিত) প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে BGMEA, যে সকল কারখানায় আলাদা ট্রেনিং রুম ও ল্যাব রয়েছে সেই সকল কারখানাগুলোকে SICIP-BGMEA প্রোগ্রামের ট্রেনিং সেন্টার হিসাবে অন্তর্ভূক্ত করে **Fresh Employee নিয়োগের ক্ষেত্রে** ট্রেনিং পরিচালনার উদ্যোগ গ্রহন করেছে। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত নিম্নরূপঃ

➢ **প্রশিক্ষণ কোর্সসমূহঃ**

| ক্রমিক নং | কোর্সের নাম | কোর্সের ধরন | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ (মাস/ঘন্টা/ক্লাস) | ব্যাচের আকার |
|---|---|---|---|---|---|
| ০১ | Supply Chain Management & Production Planning | Mid-Level Skills Course | স্নাতক | ৩/২৭২/৬৮ | ২৫ |
| ০২ | Industrial Engineering & Lean Manufacturing | | স্নাতক | | ২৫ |
| ০৩ | Business Development & Merchandising | | স্নাতক | | ২৫ |
| ০৪ | Social Compliance & Environmental Management | | স্নাতক | | ২৫ |
| ০৫ | 3D Fashion Design | Advanced Level Skills Course | স্নাতক | ৩/২৭২/৬৮ | ২০ |
| ০৬ | Jacquard Programming | | স্নাতক | | ২০ |
| ০৭ | Advanced pattern making with CAD | | স্নাতক | | ২০ |

➢ **প্রশিক্ষণের শর্তসমূহঃ**

i. প্রশিক্ষণ উপকরণসহ আলাদা ১টি ক্লাস রুম ও ১টি ল্যাব রুম থাকতে হবে।
ii. প্রশিক্ষণ কেন্দ্রের পরিধি কমপক্ষে ১,০০০ স্কয়ার ফিট হতে হবে।
iii. সদ্য পাশ করা ও পূর্বে চাকুরী করে নাই এমন ব্যাক্তিকে প্রশিক্ষনার্থী হিসাবে ভর্তি করাতে হবে।
iv. প্রশিক্ষণার্থী কমপক্ষে ৩০% নারী হতে হবে।
v. প্রশিক্ষনার্থীর জাতীয় পরিচয় পত্রের কপি।


BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2217 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

vi. প্রশিক্ষনার্থীদের বয়স ১৮ থেকে ৪৮ বছর হতে হবে।
vii. প্রশিক্ষণের সময়: ০৪ ঘন্টা করে সপ্তাহে ০৬ দিন (সকালে) মোট ৬৮টি ক্লাস।
viii. দরিদ্র, নারী, উপজাতি এবং প্রতিবন্ধী প্রার্থীকে অগ্রধিকার দেওয়া।
ix. SICIP এর আওতায় এক বারের বেশি প্রশিক্ষণ গ্রহণের সুযোগ নেই। যদি কেউ বাংলাদেশের যে কোন প্রতিষ্ঠান হতে SICIP/SEIP এর প্রশিক্ষণ/ট্রেনিং নিয়ে থাকে, সে পূণরায় SICIP এর আওতায় প্রশিক্ষণ/ট্রেনিং নিতে পারবেন না।

➢ <u>প্রশিক্ষণের সুবিধাসমূহঃ</u>

i. সম্পূর্ণ বিনমূল্যে প্রশিক্ষণ প্রদান।
ii. প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান।
iii. প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ বাবদ প্রতি ব্যাচের জন্য একজন Center In-charge, Lead Trainer, Associate Trainer, Accountant cum Computer Operator এবং Support Staff এর বেতন/ভাতা নিজ নিজ ব্যাংক এ্যাকাউন্টে প্রদান।
iv. Trainee Enrollment including Advertisement, Training Materials, Maintenance of Training Equipment, Training Venue Rent, Utilities বাবদ নির্ধরিত টাকা কারখানার এ্যাকাউন্টে প্রদান।
v. প্রশিক্ষণ শেষে Trainee দের প্রতি ক্লাস বাবদ Conveyance & Refreshment এর অর্থ Trainee দের নিজ নিজ মোবাইল ব্যাংক এ্যাকাউন্টে প্রদান।

উক্ত সুবিধা সম্বলিত আগ্রহী কারখানা প্রতিষ্ঠানকে SICIP-BGMEA এর ট্রেনিং সেন্টার এর তালিকায় অন্তর্ভূক্ত হওয়ার জন্য আগামী **০৯ অক্টোবর, ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে** BGMEA এর সভাপতি বরাবর আবেদন করার জন্য সবিনয়ে অনুরোধ জানাচ্ছি। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন: **SICIP - BGMEA (PIU) প্রোগ্রাম, মোবাইল নাম্বার <u>০১৭৭৯-২৯৪৬৯২</u> ও <u>০১৯০২-৪১৯২০৭</u>**।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

**মাহমুদ হাসান খান**
**সভাপতি**
**বিজিএমইএ।**



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশ তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org